

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৯১

২/ সালাত (নামায) (১ হা
)

পরিচ্ছেদঃ ১৩৪. নামায সংক্ষিপ্ত করা সম্পর্কে।

باب فِي تَخْفِيفِ الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبِلْ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ عَمْرِو، سَمِعَهُ مِنْ، جَابِرٍ قَالَ كَانَ مُعَانُ يُصَلِّي مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم ثُمَّ يَرْجِعُ فَيَوُمُّنَا _ قَالَ مَرَّةً ثُمَّ يَرْجِعُ فَيُصَلِّي بِقَوْمِهِ _ فَأَخَّرَ النَّبِيُّ صلى الله عليه وسلم لَيْلَةً الصَّلاَةَ _ وَقَالَ مَرَّةً الْعِشَاءَ _ فَصَلَّى مُعَاذُ مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم ثُمَّ جَاءَ يَوُمُّ قَوْمَهُ فَقَرَأَ الْبَقَرَةَ فَاعْتَزَلَ رَجُلٌ مِنَ الْقَوْمِ فَصَلَّى فَقِيلَ نَافَقْتَ يَا فُلاَنُ . فَقَالَ مَا نَافَقْتُ . فَأَتَى رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ إِنَّ مُعَاذًا يُصِلِّي مَعَكَ ثُمَّ يَرْجِعُ فَيَوُّمُّنَا يَا رَسُولَ اللَّهِ وَإِنَّمَا نَحْنُ أَصِحَابُ وسلم فَقَالَ إِنَّ مُعَاذًا يُصِلِّي مَعَكَ ثُمَّ يَرْجِعُ فَيَوُمُّنَا يَا رَسُولَ اللَّهِ وَإِنَّمَا نَحْنُ أَصَحَابُ وسلم فَقَالَ إِنَّ مُعَاذًا يُصِلِّي مَعَكَ ثُمَّ يَرْجِعُ فَيَوُّمُّنَا يَا رَسُولَ اللَّهِ وَإِنَّمَا نَحْنُ أَصَحَابُ وَالسَّمَ وَبَعْمَلُ بِأَيْدِينَا وَإِنَّهُ جَاءَ يَوَمُّمُّنَا فَقَرَأَ بِسُورَةِ الْبَقَرَةِ . فَقَالَ " يَا مُعَاذُ أَقَتَانٌ أَنْتَ وَاضَحَ وَنَعْمَلُ بِأَيْدِينَا وَإِنَّهُ جَاءَ يَوَمُّ اللهُ وَالْرَبُو لِ الْبَقِرَةِ . فَقَالَ " يَا مُعَاذُ أَقَتَانٌ أَنْتَ اقْرَأُ بِكَذَا اقْرَأُ بِكَذَا " . قَالَ أَبُو الزُّبَيْرِ بِ (سَبِّحِ اسْمَ رَبِّكَ الأَعْلَى) (وَاللَّيْلِ إِنَا يَعْشَى) فَذَكَرْنَا لِعَمْرِو فَقَالَ أُرَاهُ قَدْ ذَكَرَهُ .

বাংলা

৭৯১. আহমদ ইবনু হাম্বল জাবের (রাঃ) বলেন, মুআয (রাঃ) মসজিদে নববীতে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে নামায আদায়ের পর স্বীয় সম্প্রদায়ে প্রত্যাবর্তন করে আমাদের নামাযে ইমামতি করতেন। রাবী পুনরায় বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে নামায আদায়ের পর তিনি স্বীয় কওমের নিকট ফিরে এসে তাদের নামাযে ইমামতি করতেন। একদা রাতে-এশার নামায পড়তে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বিলম্ব করেন। সেদিনও মুআয (রাঃ) নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে এশার নাময পড়ে ফিরে গিয়ে স্বীয় কওমের ইমামতি করেন এবং এই নামাযে তিনি সূরা আল-বাক্লারা তিলাওয়াত শুরু করেন। ঐ সময় এক ব্যক্তি জামাআত হতে বিছিন্ন হয়ে একাকী নামায পড়ে। তাকে বলা হল, হে অমুক তুমি কি মুনাফিক হয়ে গেছ? জবাবে সে বলল, আমি মুনাফিক নই।

অতঃপর সেই ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের খিদমতে উপস্থিত হয়ে বলে, ইয়া রাসূলাল্লাহ্! মুআয



রোঃ) আপনার সাথে নামায পড়ার পর প্রত্যাবর্তন করে আমাদের নামাযের ইমামতি করেন। আমরা মেহনতী কৃষিজীবি লোক এবং নিজেরাই ক্ষেতের কাজকর্ম করে থাকি। অপরপক্ষে মুআয (রাঃ) আমাদের নামাযে ইমামতি করার সময় সূরা বাক্কারার ন্যায় দীর্ঘ সূরা পাঠ করে থাকেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুআয (রাঃ)-কে সম্বোধন করে বলেনঃ হে মুআয তুমি কি লোকদেরকে ফিতনার মধ্যে নিক্ষেপ করতে চাও (দুইবার)? তিনি আরো বলেনঃ তুমি নামাযে অমুক অমুক সূরা পাঠ কর। আব্য-যুবারের বলেন, সূরা আল-আলার ন্যায় ছোট ছোট সূরা পাঠ করবে।

English

Jabir said:

Mu'adh b. Jabal used to pray along with the prophet (變); then he returned and led us in prayer. Sometimes he (the narrator) said: then he returned and led his people in prayer. One night the prophet (may peace be upon him) delayed the prayer. Sometimes he (the narrator) mentioned the word "the night prayer". Then Mu'adh prayed along with the prophet(繼), then returned to his people and led them in prayer, and recited Surat al-Bagarah. A man turned aside and prayed alone. The people said to him: Have you become a hypocrite, so and so? He replied: I did not become a hypocrite. He then came to the prophet (ﷺ) and said (to him): Messenger of Allah. Mu'adh prays along with you and then returns and leads us in prayers. We look after camels used for watering and work for by day. De came to us leading us In prayer, and he recited Surah al-Bagarah(in prayer). He (the prophet) said: Mu'adh, are you a trouble maker? Recite such and such; recite such and such (surahs) The narrator Abu al-Zubair said(recite) "Glorify the name of the most high lord" (surah lxxxvii.) and "By the night when it covers over" (surah xcii.) we mentioned this to 'Amr. He said I think he mentioned it (the names of some surahs).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন